# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৪৮

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - অতিথি আপ্যায়ন প্রসঙ্গে

## আরবী

وَعَنْ أَبِي الْأَحْوَصِ الْجُشَمِيِّ عَنْ أَبِيهِ قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ أَرَأَيْتَ إِنْ مَرَرْتُ بِرَجُلٍ فَلَمْ يَقْرِنِي وَلَمْ يُضِفْنِي ثُمَّ مَرَّ بِي بَعْدَ ذَلِكَ أَأَقْرِيهِ أَمْ أَجْزِيهِ؟ قَالَ: «بل اقره» . رَوَاهُ التِّرْمِذِيّ

## বাংলা

৪২৪৮-[৬] আবুল আহওয়াস আল জুশামী তাঁর পিতা হতে বর্ণনা করেন। তিনি বলেন, আমি জিজ্ঞেস করলামঃ হে আল্লাহর রসূল! এ সম্পর্কে আপনার অভিমত কি? আমি যদি কোন ব্যক্তির কাছে গিয়ে উঠি এবং সে আমার আতিথ্য করল না ও মেহমানদারী করল না। অতঃপর সে কোন সময় আমার কাছে উঠল, তখন কি আমি তার মেহমানদারী করব, নাকি প্রতিশোধ গ্রহণ করব? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ স্বয়ং তুমি তার মেহমানদারি করো। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ২০০৬, সিলসিলাতুস্ সহীহাহ্ ১৩২০, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ২০২০২, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৫৯৪৯, সহীহ ইবনু হিব্বান ৩৪১০, মুসনাদে আহমাদ ১৫৮৮৮, মুসান্নাফ ‘আবদুর রায্যাক ২০৫১৩।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (أَقْرِه) ‘‘তুমি তার মেহমানদারী কর’’ এখানে এমন মেহমানদারীর প্রতি উৎসাহিত করা হয়েছে যা, উত্তম চরিত্রের অন্তর্ভুক্ত। আর এখানে আরেকটি শিক্ষণীয় বিষয় হলো খারাপের বিনিময় ভালো দিয়ে দেয়া যেটা মহান আল্লাহর বাণী ادْفَعْ بِالَّتِي هِيَ أَحْسَنُ ‘‘মন্দ প্রতিহত কর উৎকৃষ্ট দ্বারা’’। (সূরাহ্ ফুস্সিলাত ৪১ : ৩৪)

فَلْيُرَ عَلَيْكَ তোমার ওপর যেন তা দেখা যায়, অর্থাৎ- তুমি ভালো কাপড় পরবে যাতে মানুষ বুঝতে পারে যে, তুমি

একজন অভাবমুক্ত লোক, আল্লাহ তা‘আলা তোমাকে বিভিন্ন নি‘আমাত দ্বারা অনুগ্রহ করেছেন। ‘‘শারহুস্ সুন্নাহ্’’-এর লেখক বলেন, তবে এক্ষেত্রে সীমালঙ্ঘন করবে না। (তুহফাতুল আহওয়াবী ৫ম খন্ড, হাঃ ২০০৬; মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবুল আহওয়াস (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74971

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন